নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগরভবন, ১০ বঙ্গবন্ধু রোড,
নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০০৪.৬০.১৪৯.২৩-৭৬৪ তারিখ : ১৪/১২/২০২৩ খ্রিঃ

**সভা'র নোটিশ**

**বিষয়: তালাক বিরোধ নিস্পত্তি বিষয়ক স্থায়ী কমিটির সভায় যোগদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, তালাক বিরোধ নিস্পত্তি বিষয়ক স্থায়ী কমিটির ২য় ত্রৈমাসিক সভা ২০/১২/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার বেলা ৩.০০ ঘটিকায় নগর ভবনের ৫ম তলায় প্রধান নির্বাহী কর্মকর্তার সভাকক্ষে স্থায়ী কমিটির সভাপতি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সভা'র আলোচ্যসূচি :**

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ, অনুমোদন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা।
২। তালাক বিরোধ নিস্পত্তি বিষয়ক আলোচনা।
৩। বিবিধ।

১৪/১২/২০২৩
মোহাম্মদ হান্নান মিয়া
সহকারী সচিব ও সাচিবিক
দায়িত্ব পালনকারী কর্মকর্তা
তালাক বিষয়ক বিরোধ নিস্পত্তি সংক্রান্ত
স্থায়ী কমিটি
মোবাইলঃ ০১৭১২ -১৯০০৬২

**বিতরণ :**

১। জনাব ডাঃ সেলিনা হায়াৎ আইভী ,মাননীয় মেয়র ।
সদস্য, তালাক বিষয়ক বিরোধ নিস্পত্তি সংক্রান্ত স্থায়ী কমিটি
২। শিউলি নওশাদ, সংরক্ষিত মহিলা কাউন্সিলর- ১৯, ২০, ২১নং ওয়ার্ড।
সভাপতি, তালাক বিষয়ক বিরোধ নিস্পত্তি সংক্রান্ত স্থায়ী কমিটি
৩। জনাব ......................................
সদস্য ,তালাক বিষয়ক বিরোধ নিস্পত্তি সংক্রান্ত স্থায়ী কমিটি

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০০৪.৬০.১৪৯.২৩ তারিখ : /১২/২০২৩ খ্রিঃ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১। পি এস টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
২। পি এ টু সিইও, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (সিইও মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
৩। অফিস কপি।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ ।
www.ncc.gov.bd

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি "

অদ্য ২০/১২/২০২৩ খ্রি: তারিখ রোজ বুধবার বেলা ৩.০০ ঘটিকা অনুষ্ঠিত তালাক বিরোধ নিষ্পত্তি বিষয়ক কমিটির সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের স্বাক্ষর :

| ক্র:নং | সম্মানিত সদস্যগণের নাম | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব শিউলী নওশাদ<br>সভাপতি<br>তালাক বিষয়ক বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৭<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | [signature] | |
| ০২ | জনাব মোহাম্মদ শওকত হাসেম<br>সম্মানিত সদস্য<br>তালাক বিষয়ক বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর, ১২ নং ওয়ার্ড<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | [signature] | |
| ০৩ | জনাব সুলতান আহম্মেদ ভূইয়া<br>সদস্য<br>তালাক বিষয়ক বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর, ২২ নং ওয়ার্ড<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | [signature] | |
| ০৪ | জনাব মো: শাহিন মিয়া<br>সদস্য<br>তালাক বিষয়ক বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর, ২১নং ওয়ার্ড<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | [signature] | |
| ০৫ | মাননীয় মেয়র মহোদয়<br>সদস্য<br>তালাক বিষয়ক বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত স্থায়ী কমিটি<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | | |

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ ।
www.ncc.gov.bd

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি "

## "তালাক বিরোধ নিষ্পত্তি বিষয়ক স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী "

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব শিউলি নওশাদ<br>কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-১৯,২০,২১<br>ও<br>সভাপতি<br>তালাক বিরোধ নিষ্পত্তি বিষয়ক স্থায়ী কমিটি<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | : | ২০/১২/২০২৩ খ্রি:, রোজ- বুধবার |
| সময় | : | বেলা ৩.০০ ঘটিকা |
| সভার স্থান | : | প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের কক্ষ |

উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) সংযুক্ত (পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য কমিটির সদস্য- সচিব জনাব মোহাম্মদ হান্নান মিয়া-কে অনুরোধ জানান। অত: পর সদস্য-সচিব আলোচ্যসূচী অনুযায়ী আলোচনায় অংশগ্রহণ ও মতামত প্রদানের আহবান জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচী : ১: বিগত সভার কার্যবিবরণী পাঠ , অনুমোদন ।**

**আলোচনা ও সিদ্ধান্ত :** সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব জনাব মোহাম্মদ হান্নান মিয়া বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীতে কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমতি হয়।

**আলোচ্যসূচী- ২: তালাক বিরোধ নিষ্পত্তি বিষয়ক আলোচনা।**

**আলোচনা :** সভাপতি সভাকে অবহিত করেন যে, আশংকাজনক হারে তালাক প্রদানের প্রবনতা বৃদ্ধি পেয়েছে। প্রায় ৮৭% তালাকই স্ত্রী কর্তৃক স্বামীকে তালাক প্রদান করা হয়। তিনি সকলের অবগতির জানান অক্টোবর /২০২৩ মাসে ১০২ টি তালাক, নভেম্বর/২০২৩ মাসে ৯৫টি তালাক এবং ডিসেম্বর/২০২৩ মাসের ২০ তারিখ পর্যন্ত ৪৫ টি তালাকের নোটিশ পাওয়া গেছে। প্রদত্ত তালাক নিষ্পত্তির জন্য পক্ষগণকে পত্র প্রেরণ করা হলেও প্রায় ৯৫% দম্পত্তি তালাক শুনানীতে আসেন না। বাকী ৫% এর মধ্যে এক পক্ষ উপস্থিত হয় অন্য পক্ষ উপস্থিত হয়না। ফলে তালাক নিষ্পত্তি সম্ভব হয়না। দেখা যায় যে, নিম্ন মধ্যবিত্ত, গার্মেন্টস শ্রমিক, রিক্সা চালক, দিনমজুর এই জাতীয় পরিবারের মধ্যে তালাক প্রবনতা সবেচেয়ে বেশি। তাছাড়া এরা প্রায় ৯৮% ভাসমান লোক। গ্রাম থেকে এসে বাসা ভাড়া করে এরা নতুন করে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। কিছুদিন থেকে আবারও চলে যায়।

**সুপারিশ:** সভায় আশংকাজনক হারে তালাকের প্রবনতা বৃদ্ধি পাওয়ায় সামাজিক অবক্ষয় ও অসামাজিক কাযকলাপ বৃদ্ধি পায় মর্মে সভায় মত প্রকাশ করা হয়। যথদুর সম্ভব প্রাপ্ত তালাক নিষ্পত্তির প্রচেষ্টার অব্যাহত রাখার সর্বসম্মত সুপারিশ করা হয়। ওয়ার্ডে ওয়ার্ডে তালাককে নিরউৎসাহিত করার জন্য মসজিদে সম্মানিত ওয়ার্ড কাউন্সিলরগণের মাধ্যমে প্রচারনা ও ধর্মীয় বিষয়ে আলোচনার ব্যবস্থা করার সর্বসম্মত সুপারিশ করা হয়।

সভায় বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(শিউলি নওশাদ)
সভাপতি
তালাক বিরোধ নিষ্পত্তি বিষয়ক স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১৬.০০০০.০০৪.৬০.১৪৯.২৩. ৭৮৬ তারিখ : ২৭ /১২/২০২৩ খ্রি:

অনুলিপি: অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২। প্রধান নির্বাহী রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩। পি এস টু মেয়র (পরিচ্ছন্ন কর্মকর্তা), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(শিউলি নওশাদ)
সভাপতি
তালাক বিরোধ নিষ্পত্তি বিষয়ক স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**সভায় উপস্থিতিগণের নামের তালিকা:**

০১। জনাব শিউলী নওশাদ, সংরক্ষিত মহিলা কাউন্সিলর, ওয়ার্ড- ১৯, ২০,২১, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
০২। জনাব মোহাম্মদ শওকত হাসেম, কাউন্সিলর, ওয়ার্ড-১২, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
০৩। জনাব সুলতান আহম্মেদ ভূইয়া, কাউন্সিলর, ওয়ার্ড- ২২, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
০৪। জনাব মোঃ শাহিন মিয়া, কাউন্সিলর, ওয়ার্ড- ২১, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
০৫। জনাব মোহাম্মদ হান্নান মিয়া, সহকারী সচিব (অঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।